

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

সাকুলার নং- ০৫/২০১৭

এ,

তারিখঃ ১০ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শিশু আইন, ২০১৩ এর বিধানাবলী আবশ্যিকভাবে প্রতিপালন সংক্রান্ত।

শিশু আইন, ২০১৩-এর ১৬ ধারা অনুযায়ী প্রত্যেক জেলা এবং ক্ষেত্রমত, মেট্রোপলিটন এলাকার এক বা একাধিক অতিরিক্ত দায়রা জজ-এর আদালতকে শিশু আদালত হিসেবে নির্ধারণ করার বিধান রয়েছে।

০২। সম্ভ্রতি অত্র কোর্টের Special Committee for Child Rights-এর গোচরীভূত হয়েছে যে, শিশু আইন, ২০১৩ বলবৎ থাকা সত্ত্বেও প্রচলিত আদালতের কাঠগড়া ও লালসালু ঘেরা আদালত কক্ষে শিশু আদালতের কার্যক্রম পরিচালিত হচ্ছে যা শিশুর জন্য উপযুক্ত নয় এবং শিশু আইনের লংঘন।

০৩। শিশু আইন, ২০১৩ এর ১৭(৪) ধারায়- সাধারণতঃ যে সকল দালান বা কামরায় এবং যে সকল দিবস ও সময়ে প্রচলিত আদালতের অধিবেশন অনুষ্ঠিত হয় উহা ব্যতীত, যতদূর সম্ভব, অন্য কোনো দালান বা কামরায়, প্রচলিত আদালতের ন্যায় কাঠগড়া ও লালসালু ঘেরা আদালতকক্ষের পরিবর্তে একটি সাধারণ কক্ষে এবং অন্য কোনো দিবস ও সময়ে প্রাপ্তবয়স্ক ব্যক্তি ব্যতীত শুধুমাত্র শিশুর ক্ষেত্রে শিশু-আদালতের অধিবেশন অনুষ্ঠান করার বিধান থাকা সত্ত্বেও বাস্তবে তা প্রতিপালিত হচ্ছেনা। শিশু আদালতের অধিবেশনের জন্য আলাদা কক্ষের ব্যবস্থা করা না গেলে এজলাস কক্ষে পর্দা দিয়ে এজলাস, ডক, কাঠগড়া ঢেকে শিশুর জন্য উপযুক্ত পরিবেশের ব্যবস্থা করতে হবে। পর্দা দিয়ে শিশুর জন্য উপযুক্ত পরিবেশের ব্যবস্থা করা সম্ভব না হলে আদালতের বিচারক তাঁর খাস কামরায় শিশু আদালতের বিচারকার্য পরিচালনা করবেন। এছাড়াও শিশু আদালতের পাশে শিশুর জন্য উপযুক্ত পরিবেশ সম্মত একটি অপেক্ষা কক্ষের (Waiting Room) ব্যবস্থা করতে হবে যাতে মামলা শুনানীর আগে বা পরে শিশুরা সেখানে অবস্থান করতে পারে।

০৪। তাছাড়া, শিশু আইন, ২০১৩ এর ১৯ ধারা অনুযায়ী শিশু আদালতের কক্ষের বিন্যাস, সাজসজ্জা ও আসন ব্যবস্থা বিধি দ্বারা নির্ধারিত হবে। এটি নিশ্চিত করতে হবে যে, বিচার চলাকালে শিশুর মা-বাবা এবং তাদের উভয়ের অবর্তমানে তত্ত্বাবধানকারী অভিভাবক বা কর্তৃপক্ষ অথবা আইনানুগ বা বৈধ অভিভাবক বা ক্ষেত্রমত, বর্ধিত পরিবারের সদস্যগণ এবং প্রবেশন কর্মকর্তা ও তাঁর আইনজীবী যতদূর সম্ভব তাঁর কাছাকাছি বসতে পারে। শিশু আদালতে শিশুর জন্য উপযুক্ত আসন এবং প্রতিবন্ধী শিশুদের জন্য, ক্ষেত্রমত, বিশেষ ধরনের আসনের ব্যবস্থা করতে হবে। শিশুর বিচার চলাকালীন, বিচারক, আইনজীবী, পুলিশ বা আদালতের কোনো কর্মচারী আদালত কক্ষে তাদের পেশাগত বা দাপ্তরিক ইউনিফর্ম পরিধান করবেন না।

০৫। অধিকন্তু, উক্ত আইনের ২২ (১) ধারানুসারে বিচার প্রক্রিয়ার সকল স্তরে ব্যক্তিগতভাবে অংশগ্রহণ করা সংশ্লিষ্ট শিশুর অধিকার। তবে ২২ (২) ধারা মতে আদালত শিশুর সর্বোত্তম স্বার্থের জন্য তাঁদের উপস্থিতি প্রয়োজন না হলে শিশুর সম্মতি সাপেক্ষে বিচার চলাকালীন যে কোন সময়ে তাঁকে ব্যক্তিগত হাজিরা (Personal appearance) থেকে অব্যাহতি দিতে পারবেন এবং তার অনুপস্থিতিতে বিচার বা কার্যধারা চালাতে পারবেন। তবে, শিশুর মা-বাবা এবং তাদের উভয়ের অবর্তমানে তত্ত্বাবধানকারী অভিভাবক বা কর্তৃপক্ষ অথবা আইনানুগ বা বৈধ অভিভাবক বা ক্ষেত্রমত, বর্ধিত পরিবারের সদস্যের এবং একই সাথে প্রবেশন কর্মকর্তা ও তাঁর আইনজীবীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। বর্ধিত অবস্থার প্রেক্ষিতে শিশুর কল্যাণের বিষয় বিবেচনায় শিশুকে ব্যক্তিগত হাজিরা হতে অব্যাহতি প্রদানের ব্যবস্থা নিতে হবে। যে সকল শিশু আদালতে ভিডিও কনফারেন্সের সুবিধা আছে সে সকল আদালতে ভিডিও লিংক ব্যবহার করে ব্যক্তিগত হাজিরা হতে অব্যাহতি দিয়ে শিশুর কার্যত (virtual) উপস্থিতি নিশ্চিত করতে হবে।

০৬। এমতাবস্থায়, শিশু আইন, ২০১৩ এর উপরি-উক্ত বিধানাবলী আবশ্যিকভাবে প্রতিপালন ও শিশু আদালতের অবস্থান এবং সর্বোপরি শিশুর জন্য উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)


রেজিস্ট্রার

ফোনঃ ৯৫১৪৬৪৬

registrar_hcd@supremecourt.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।
- ০৪। জেলা জজ (সকল)।
- ০৫। মহানগর দায়রা জজ (সকল)।
- ০৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)।
- ০৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।
- ০৮। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৯। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সংরক্ষণের জন্য)।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]


22.02.17

(মো'তাহিম বিল্যাহ)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন : ৯৫৬১৯৩২

ই-মেইলঃ judge.motasim@gmail.com